# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮০৫

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - ক্রয়-বিক্রয়ে পছন্দের স্বাধীনতা (অবকাশ থাকা)

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا يَتَفَرَّقَنَّ اثْنَانِ إِلَّا عن تراضٍ» رَوَاهُ أَبُو دَاوُد .

## বাংলা

২৮০৫-[৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ক্রেতা-বিক্রেতা লেনদেনের বিষয়ে তাদের উভয়ের সম্মতি ব্যতীত যেন একে অপর থেকে পৃথক হয়ে না যায়। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩৪৫৮, সহীহ আল জামি‘ ৬৭০৬, তিরমিযী ১২৪৮।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِلَّا عَنْ تَرَاضٍ) ‘‘সন্তুষ্টি ব্যতীত’’। ‘আল্লামা ত্বীবী বলেনঃ ক্রেতা ও বিক্রেতা একে অপর থেকে পৃথক হয়ে যাবে না অনুমতি ব্যতীত। ‘আল্লামা কারী বলেনঃ ক্রেতা পণ্য গ্রহণ না করে এবং বিক্রেতা তার মূল্য গ্রহণ না করে একে অপর থেকে পৃথক হয়ে যাবে না, কেননা এতে ক্ষতির সম্ভাবনা রয়েছে। অথবা একে অপরের সাথে পরামর্শ ব্যতীত পৃথক হয়ে যাবে না। আর নিষেধ দ্বারা পৃথক হওয়া হারাম বুঝায় না। কেননা এতে ঐকমত্য রয়েছে যে, চুক্তি সম্পাদনে একে অপরের অনুমতি ব্যতীত পৃথক হয়ে যাওয়া বৈধ। ‘আল্লামা আশরাফ (রহঃ) বলেনঃ অত্র হাদীস প্রমাণ করে যে, চুক্তি সম্পাদনের পরও মাজলিস থেকে পৃথক হওয়া পর্যন্ত চুক্তি বাতিলের স্বাধীনতা রয়েছে। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১২৪৮; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68132

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন